বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
আইন বিভাগ

পি, এ, বি, এক্স- ৯৫৬০০২১-৫
৯৫৬০০৩১-৫
ফোন ঃ ৯৫৫৩০০১
E-mail- dgmlaw@krishibank.org.bd


নং-প্রকা/আইন-৭৯৫(অংশ-৩)/২০১৮-১৯/ ৯২৩ (১২৫০) তারিখঃ২৪-০৬-২০১৯ খ্রিঃ

১। মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয়
২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়
৩। সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক ব্যবস্থাপক
৪। সকল উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখা
৫। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক /আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয়ঃ রেজিষ্ট্রেশন এ্যাক্ট,১৯০৮ এর ধারা ১৭(২) (X) মূলে বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক প্রদত্ত ঋণের বন্ধকী দলিলসমূহ বাধ্যতামূলক রেজিষ্ট্রেশন হতে অব্যাহতি সুবিধা প্রদান প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে মহাপরিদর্শক, নিবন্ধন, বাংলাদেশ, ঢাকা কর্তৃক স্মারক নং-নিঅ/রেজিঃ শাঃ-৫/৭৫৪০(৭২) তারিখ ১৩-০৬-২০১৯ এর মাধ্যমে জারীকৃত 'পরিপত্র' এর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো (কপি সংযুক্ত 'ক')।

০২। বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক প্রদত্ত কতিপয় খাতের ঋণের বিপরীতে সম্পাদিত বন্ধকী দলিল গ্রহণ ও সংরক্ষণের ক্ষেত্রে কোন কোন জেলা রেজিষ্ট্রার/ সাব-রেজিষ্ট্রার কর্তৃক আপত্তি উত্থাপনের প্রেক্ষিতে উদ্ভুত জটিলতা নিরসনকল্পে অত্র ব্যাংক হতে মহাপরিদর্শক, নিবন্ধন বরাবরে ৩০-৩-১৪ তারিখে পত্র প্রেরণ করা হয়। উক্ত পত্রের প্রেক্ষিতে ২৫-৫-১৫ তারিখে মহাপরিদর্শক নিবন্ধন কর্তৃক স্বাক্ষরিত পত্রে এবিষয়ে সকল জেলা রেজিষ্ট্রার ও সাব-রেজিষ্ট্রার গণকে প্রদত্ত নির্দেশনার প্রেক্ষিতে পূনরায় জটিলতা সৃষ্টি হওয়ায় ১৭(২) (X) ধারা মোতাবেক বাধ্যতামূলক রেজিষ্ট্রেশন হতে অব্যাহতি সুবিধা বহাল রাখার লক্ষে মহাপরিদর্শক, নিবন্ধন কে সদয় নির্দেশন প্রদানের প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহনের জন্য ১৪-৯-১৫ ও ২১-১২-১৬ তারিখে সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ বরাবরে পত্র প্রেরণ করা হয়। অর্থ মন্ত্রণালয়ের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বিশেষায়িত শাখা-১ এর ২৩-০১-২০১৭ তারিখের পত্র নম্বর ৫৩.০০.০০০০.৩২১.২২.০০২.১৬-৩২ এর মাধ্যমে ".... বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক প্রদত্ত সকল ঋণের বিপরীতে বন্ধকী দলিল রেজিষ্ট্রেশন আইন ১৯০৮ এর ১৭(২) (X) ধারা মোতাবেক বাধ্যতামূলক রেজিষ্ট্রেশন হতে অব্যাহতির সুবিধা বহাল রাখার লক্ষ্যে মহাপরিদর্শক নিবন্ধনকে নির্দেশনা প্রদানের জন্য আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব মহোদয়কে অনুরোধ জানানো হয়। এরই ধারাবাহিকতায় আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, আইন ও বিচার বিভাগ, শাখা-৬ এর ২৮-৫-২০১৯ তারিখের পত্র নং আর-৬/১ এস-০১/২০১৪-১৯৯ এর মাধ্যমে ".... রেজিষ্ট্রেশন আইন ১৯০৮ এর ধারা ১৭(১)(সিসি) এর বিধান বাংলাদেশ কৃষি ব্যাংকের জন্য প্রযোজ্য হবে না। উক্ত আইনের ১৭(২) (X) এবং ধারা ৮৯(৩) অনুযায়ী বাংলাদেশ কৃষি ব্যাংক যে সুবিধা পেয়ে আসছিল তা অব্যাহত থাকবে" মর্মে এবিষয়ে সার্কুলার জারী করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহাপরিদর্শক, নিবন্ধন মহোদয়েক অনুরোধ জানানো হয়। এতদপ্রেক্ষিতে মহাপরিদর্শক, নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ঢাকা, বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক প্রদত্ত ঋণের বন্ধকী দলিলসমূহ বাধ্যতামূলক রেজিঃ হতে অব্যাহতি সুবিধা প্রদান সংক্রান্ত বিষয়ে নিম্নরূপ নির্দেশনা সম্বলিত পরিপত্র জারী করেছে-

" রেজিষ্ট্রেশন আইন ১৯০৮ এর ধারা ১৭(১)(বি) অনুযায়ী বন্ধকী দলিল সকলের জন্য বাধ্যতামূলকভাবে নিবন্ধনযোগ্য ছিল। কিন্তু ধারা ১৭(২)(X) অনুযায়ী বাংলাদেশ কৃষি ব্যাংকসহ আরো কতিপয় প্রতিষ্ঠানকে বন্ধকী দলিল বাধ্যতামূলকভাবে নিবন্ধন করা থেকে অব্যাহতি প্রদান করা হয় এবং সেক্ষেত্রে বাংলাদেশ কৃষি ব্যাংকে রেজিষ্ট্রেশন আইনের ৮৯ ধারা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করার জন্য বিশেষ বিধান করা হয় অর্থাৎ বাংলাদেশ কৃষি ব্যাংকের জন্য বিশেষ বিধান প্রযোজ্য। রেজিষ্ট্রেশন আইন সংশোধন করে ধারা ১৭(১) (সিসি) হিসাবে যে বিধান অন্তর্ভূক্ত করা হয়েছে তা একটি সাধারণ বিধান। বিশেষ বিধান সর্বদাই সাধারণ বিধানের ব্যতিক্রম হিসেবে প্রযোজ্য হয়ে থাকে। সে অনুযায়ী বাংলাদেশ কৃষি ব্যাংকের প্রযোজ্য বিশেষ বিধান তথা ধারা ১৭(২)(X) এবং ধারা ৮৯(৩) উক্ত সাধারন বিধানের তথা ধারা ১৭(১)(সিসি) ব্যতিক্রম হিসেবে প্রযোজ্য হবে না। উক্ত আইনের ১৭(২)(X) এবং ধারা ৮৯(৩) অনুযায়ী বাংলাদেশ কৃষি ব্যাংক যে সুবিধা পেয়ে আসছিল তা অব্যাহত থাকবে।"

চলমান পাতা/২

০৩। এমতাবস্থায়, মহাপরিদর্শক,নিবন্ধন কর্তৃক জারীকৃত উপরোক্ত পরিপত্রের আলোকে সংশ্লিষ্ট জেলা রেজিষ্ট্রার / সাব-রেজিষ্ট্রার অফিসের সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা করে বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক প্রদত্ত ঋণের বিপরীতে সম্পাদিত বন্ধকী দলিলসমূহ যথানিয়মে সাব-রেজিষ্ট্রার অফিসে প্রেরণ এবং ভলিউমভূক্ত করণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে

আপনার বিশ্বস্ত,

সংযুক্তি ঃ বর্ণনামতে ০১(এক)।

২৪/১/১৯

(মোঃ শহিদুল ইসলাম)
মহাব্যবস্থাপক
ঋণ আদায় মহাবিভাগ
(অতিরিক্ত দায়িত্বে)

নং-প্রকা/আইন-৭৯৫(অংশ-৩)/২০১৮-১৯/ ৭২৩(১২৫০)

তারিখ ঃ - ঐ -

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা,ঢাকা।
০২। ষ্টাফ অফিসার, সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০৩। ষ্টাফ অফিসার,সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা,ঢাকা।
০৪। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রকা, ঢাকা।
০৫। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি অপারেশন বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। সংযুক্তিসহ মূল পত্রটি বাংলাদেশ কৃষি ব্যাংকের ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। নথি/ মহানথি।

২৪/০১/২০১৯

(মোহাঃ গোলাম মাহবুব)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নিবন্ধন অধিদপ্তর
১৪,আবদুল গণি রোড,ঢাকা।

# ঃ- পরিপত্র -ঃ

বিষয় ঃ-রেজিস্ট্রেশন এ্যাক্ট, ১৯০৮ এর ধারা ১৭(২) (x) মূলে বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক ঋণের বন্ধকী দলিলসমূহ বাধ্যতামূলক রেজিস্ট্রেশন হতে অব্যাহতি সুবিধা প্রদান প্রসঙ্গে।

সূত্র ঃ- মন্ত্রণালয়ের স্মারক নং-আর-৬/১ এম-০১/২০১৪-১৯৯, তারিখ-২৮/০৫/২০১৯ খ্রিঃ।

রেজিস্ট্রেশন আইন ১৯০৮ এর ধারা ১৭(১)(বি) অনুযায়ী বন্ধকী দলিল সকলের জন্য বাধ্যতামূলকভাবে নিবন্ধনযোগ্য ছিল। কিন্তু ধারা ১৭(২)(x) অনুযায়ী বাংলাদেশ কৃষি ব্যাংকসহ আরো কতিপয় প্রতিষ্ঠানকে বন্ধকী দলিল বাধ্যতামূলকভাবে নিবন্ধন করা থেকে অব্যাহতি প্রদান করা হয় এবং সেক্ষেত্রে বাংলাদেশ কৃষি ব্যাংকে রেজিস্ট্রেশন আইনের ৮৯ ধারা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করার জন্য বিশেষ বিধান করা হয় অর্থাৎ বাংলাদেশ কৃষি ব্যাংকের জন্য বিশেষ বিধান প্রযোজ্য। রেজিস্ট্রেশন আইন সংশোধন করে ধারা ১৭(১) (সিসি) হিসাবে যে বিধান অন্তর্ভূক্ত করা হয়েছে তা একটি সাধারণ বিধান। বিশেষ বিধান সর্বদাই সাধারণ বিধানের ব্যতিক্রম হিসেবে প্রযোজ্য হয়ে থাকে। সে অনুযায়ী বাংলাদেশ কৃষি ব্যাংকের প্রযোজ্য বিশেষ বিধান তথা ধারা ১৭(২)(x) এবং ধারা ৮৯(৩) উক্ত সাধারণ বিধানের তথা ধারা ১৭(১) (সিসি) ব্যতিক্রম হিসেবে প্রযোজ্য হবে না । উক্ত আইনের ১৭(২)(x) এবং ধারা ৮৯(৩) অনুযায়ী বাংলাদেশ কৃষি ব্যাংক যে সুবিধা পেয়ে আসছিল তা অব্যাহত থাকবে।

স্বাঃ/-
( খান মোঃ আবদুল মান্নান )
মহা-পরিদর্শক,নিবন্ধন,
বাংলাদেশ,ঢাকা।

স্মারক নং- নিঅ/রেজিঃ শাঃ-৫/ ৭৫৪০ (৭২)

তারিখ ঃ- ২৬/০৬/২০১৯ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ঃ

১। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহনার্থে প্রেরণ করা হইল ঃ

১। জেলা রেজিস্ট্রার.................................. (সকল)। জরুরী ভিত্তিতে তার জেলার সকল সাব-রেজিস্ট্রারগণকে অবহিত করার জন্য নির্দেশ প্রদান করা হলো।
২। প্রধান সহকারী, নিবন্ধন অধিদপ্তর, ঢাকা।
৩। শাখা প্রধান, রেজিস্ট্রেশন শাখা-১,২,৩,৪,৫,৬ নিবন্ধন অধিদপ্তর, ঢাকা।
৪। অফিস কপি।

ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
নং ৪৮৬৩ তাং ২৬/৬/১৯
★ ডিএমডি-
★ জিএম
★ ডিজিএম Cau
★ সভায় কার্যপত্র পেশ করুন
★ প্রয়োজনীয় পদক্ষেপ নিন
★ আলাপ করুন
★ জরুরী
ব্যবস্থাপনা পরিচালক

( খান মোঃ আবদুল মান্নান )
মহা-পরিদর্শক,নিবন্ধন,
বাংলাদেশ,ঢাকা।